

## উপজেলা আইসিভিজিডি (২য় পর্যায়) মনিটরিং ও মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী :


সভাপতি : আতিকুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।  
তারিখ : ২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ  
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষ।  
সময় : বেলা ১০:০০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-ক-দ্রষ্টব্য

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সদস্য সচিব জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং- ৩২.০১.০০০০.০৪৯.২২.০০১.২০-৮৩৫, তারিখ ২১/০৯/২০২৩ খ্রিঃ অনুযায়ী উপজেলা পর্যায়ে আইসিভিজিডি-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পের নির্বাচিত এনজিও সমূহের কার্যক্রম মনিটরিং ও মূল্যায়নের লক্ষে প্রতি মাসে একবার সভা করার জন্য নির্দেশনা পাওয়া গেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোকপাত করে নিয়োক্ত আলোচনা করা হয়ঃ

| ক্রঃ নং | আলোচনা  | সিদ্ধান্ত   | বাস্তবায়নে   |
|---------|---|---|---|
| ০১      | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার ০৯ টি ইউনিয়নে ২০২১-২০২২ ভিজিডি চক্রের মোট ২০০০ জন আইসিভিজিডি উপকারভোগী রয়েছে। এর মধ্যে জানুয়ারি ২০২৪ খ্রিঃ মাসে চূড়ান্তভাবে ৩৯ জন ভাতাভোগীকে বাতিল করা হয়েছে এর মধ্যে ০৬ জন মৃত, খুঁজে পাওয়া যায়নি ০২ জন, অন্যত্র স্থানান্তর ১৫ জন এবং ১৬ জন প্রশিক্ষণ করতে ইচ্ছুক নয়। সেপ্রেস্কিতি উপজেলা আইসিভিজিডি কমিটি কর্তৃক সভায় নীতিমালা অনুযায়ী ৩৯ জন উপকারভোগীকে বিস্তারিত আলোচনাস্তে বাতিলের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে আয়বর্ধক প্রশিক্ষণ শুরু হয়েছে। আগামী ০৪ এপ্রিল ২০২৪ পর্যন্ত ১৯৬১ জনের ৬টি বিষয়ের উপর প্রশিক্ষণ চলবে। এর মধ্যে গরু পালন/মোটাতাজাকরণ, ছাগল পালন, হাঁস-মুরগী পালন, সবজি চাষ, মৎস্য চাষ ও ক্ষুদ্র ব্যবসা/দর্জি ব্যবসা।   | সভায় আইসিভিজিডি নীতিমালা অনুযায়ী ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে আয়বর্ধক প্রশিক্ষণ শুরু হয়েছে। আগামী ০৪ এপ্রিল ২০২৪ পর্যন্ত ১৯৬১ জনের ৬টি বিষয়ের উপর প্রশিক্ষণ চলবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা                             |
| ০২      | সভায় সদস্য সচিব আরও জানান যে, ১৯৬১ জন আইসিভিজিডি উপকারভোগীর মাঝে কার্ড বিতরণ ও ব্যাংক অ্যাকাউন্ট নম্বর যাচাই চলমান রয়েছে। যেহেতু উপকারভোগীদের ভাতার টাকা তাদের স্ব স্ব ব্যাংক হিসাবে জিটুপি সিস্টেম এ সরাসরি স্থানান্তর করা হবে সেহেতু পরিক্ষামূলকভাবে প্রশিক্ষণ এ অংশগ্রহণ বাবদ যে ভাতা দেওয়ার কথা রয়েছে তা আগে প্রেরণের সুপারিশ করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মা ও শিশু সয়াহতা কর্মসূচীর আওতায় দেখা গেছে যে সকল ইউনিয়ন এ ভাতাভোগী মধুমতি ব্যাংক এ হিসাব নম্বর খুলেছেন তারা ঠিকমত ভাতা পান নাই। উল্লেখ্য যে গোদাগাড়ী উপজেলার চড় আষারিয়াদহ ইউনিয়নে আইসিভিজিডি উপকারভোগীদের ব্যাংক হিসাব নম্বর ব্রাক এজেন্ট ব্যাংক এ যা রাজশাহী শহরে অবস্থিত। ইতঃপূর্বে পত্র মারফত সঞ্চয়ের অর্থ ফেরত প্রদানের নির্দেশ দেয়া হলেও ব্যাংক সঞ্চয় ফেরতের কোন পদক্ষেপ নেয়নি। এমতাবস্থায় ভাতাভোগীদের নতুন করে ব্যাংক হিসাব নম্বর খোলার সুযোগ থাকলে সমস্যা থেকে উত্তরণ পাওয়া যেত। | ১৯৬১ জন আইসিভিজিডি উপকারভোগীর মাঝে কার্ড বিতরণ ও ব্যাংক অ্যাকাউন্ট নম্বর যাচাই চলমান রয়েছে।  | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা                             |
| ০৩      | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আরও জানান যে, নির্বাচিত এনজিও এনডিপি কর্তৃক আয়বর্ধক প্রশিক্ষণ বিষয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে।   | সভায় প্রশিক্ষণ কার্যক্রম মনিটর করার জন্য সকল সদস্যকে অনুরোধ করা হয়।   | উপজেলা আইসিভিজিডি (২য় পর্যায়) মনিটরিং ও মূল্যায়ন কমিটি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
আতিকুল ইসলাম

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আইসিভিজিডি (২য় পর্যায়)

মনিটরিং ও মূল্যায়ন কমিটি

গোদাগাড়ী, রাজশাহী

চলমান পাতা ১/২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
গোদাগাড়ী, রাজশাহী

স্মারক নং- ৩২.০১.৮১৩৪.০০০.১৪.০০৫.২৩- ০৫৮

তারিখঃ ২৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। প্রকল্প পরিচালক, ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি)-২য় পর্যায়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
- ২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী
- ৩। উপজেলা সমন্বয়কারী, এনডিপি, গোদাগাড়ী, রাজশাহী
- ৪। অফিস কপি।



মোসা: রহিমা রওনাক

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অ:দা:)

ও

সদস্য-সচিব

উপজেলা আইসিভিজিডি (২য় পর্যায়)

মনিটরিং ও মূল্যায়ন কমিটি

গোদাগাড়ী, রাজশাহী।